# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১১২৮

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/৯৩. যে ব্যক্তি বিনা ওজরে জুমু‘আহর সালাত ত্যাগ করলো।

بَاب مَا جَاءَ فِيمَنْ تَرَكَ الْجُمُعَةَ مِنْ غَيْرِ عُذْرٍ

আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ الْجَهْضَمِيُّ، حَدَّثَنَا نُوحُ بْنُ قَيْسٍ، عَنْ أَخِيهِ، عَنْ قَتَادَةَ، عَنِ الْحَسَنِ، عَنْ سَمُرَةَ بْنِ جُنْدُبٍ، عَنِ النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " مَنْ تَرَكَ الْجُمُعَةَ مُتَعَمِّدًا فَلْيَتَصَدَّقْ بِدِينَارٍ فَإِنْ لَمْ يَجِدْ فَبِنِصْفِ دِينَارٍ " .

বাংলা

৪/১১২৮। সামুরা ইবনু জুনদুব (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যে ব্যক্তি স্বেচ্ছায় জুমুআহর সালাত (নামায/নামাজ) ত্যাগ করলো, সে যেন এক দ্বীনার দান-খয়রাত করে। যদি সে তা না পায়, তাহলে যেন অর্ধ দ্বীনার দান-খয়রাত করে।

## English

It was narrated from Samurah bin Jundab that the Prophet (ﷺ) said: “Whoever abandons Friday deliberately, let him give a Dinar in charity, and if he cannot afford that, then (let him give) half a Dinar.”

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: নাসায়ী ১৩৭২, আবূ দাঊদ ১০৫৬, আহমাদ ১৯৫৮৩, ১৯৬৪৬।

তাহক্বীক্ব আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: মিশকাত ১৩৭৪, যঈফ আবী দাউদ ১৯৫-১৯৮। উক্ত হাদিসের রাবী নুহ বিন কায়স সম্পর্কে আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি সিকাহ তবে শীয়া মতাবলম্বী। ইমাম নাসাঈ বলেন, তার হাদিস বর্ণনায় কোন সমস্যা নেই।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=14148

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন